

ECHO OF HIS CALL



আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ

16 Languages

Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII

YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 MARCH

No 02

পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন
প্রভুর প্রশংসা হোক
গীতসংহিতা ১৯:১-৯

- ১। আকাশমণ্ডল ঈশ্বরের মহিমা বর্ণনা করে; আকাশ তাঁর হাতের কাজ ঘোষণা করে।
- ২। তারা দিনের পর দিন বার্তা প্রকাশ করে; তারা রাতের পর রাত জ্ঞান ব্যক্ত করে।
- ৩। তাদের কোনও বক্তব্য নেই, তারা কোনও শব্দ ব্যবহার করে না; তাদের থেকে কোনও শব্দ শোনা যায় না।
- ৪। অথচ তাদের কণ্ঠস্বর সারা পৃথিবীতে ছড়িয়ে পড়ে, তাদের বাক্য পৃথিবীর প্রান্তসীমায় পৌঁছায়। ঈশ্বর আকাশমণ্ডলে সূর্যের জন্য এক তাঁবু খাটিয়েছেন।
- ৫। সূর্য জ্যোতির্ময় বরের মতো বাসরঘর থেকে বেরিয়ে আসে; বিজয়ী বীরের মতো আনন্দে ছুটে চলে আপন পথে।
- ৬। আকাশের একপ্রান্তে তার উদয় হয় এবং অপর প্রান্তে পৌঁছে আবর্তন শেষ করে; তার উত্তাপ থেকে কোনও কিছুই বধিত হয় না।
- ৭। সদাপ্রভুর বিধিবিধান সিদ্ধ, যা আমার প্রাণ সংজীবিত করে; সদাপ্রভুর অনুশাসন নির্ভরযোগ্য, তা অল্পবুদ্ধিকেও জ্ঞানবান করে।
- ৮। সদাপ্রভুর সকল বিধি সত্য, হৃদয়কে আনন্দিত করে। সদাপ্রভুর আজ্ঞাসকল সুস্পষ্ট, চোখে আলো দান করে।
- ৯। সদাপ্রভুর ভয় নির্মল, চিরকাল স্থায়ী। সদাপ্রভুর আদেশ দৃঢ়, এবং সবটাই ন্যায্য।

যিশয় কুলের মূলকাণ্ড

(অনারারী প্রধান সম্পাদিকা: রেভা. অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



আমাদের ত্রাণকর্তা প্রভু যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনির বর্ধিষ্ণু পরিবারের সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা!

আমি যিশাইয় ১১ অধ্যায়টি পাঠ করছিলাম যে অধ্যায়টি প্রভু যীশুর পরিচর্যা কাজের ভবিষ্যত বাণীর জন্য অত্যন্ত বিখ্যাত। যাইহোক, প্রথম পদটি বিশেষভাবে আমার দৃষ্টি আকর্ষণ করেছে:

“যিশয় কুলের মূলকাণ্ড থেকে একটি শাখা নির্গত হবে; তার মূল থেকে উৎপন্ন এক শাখায় ফল ধরবে” (যিশাইয় ১১:১)।



মূলকাণ্ড

মূলকাণ্ড শব্দটি বিশেষভাবে আমার মনোযোগ আকর্ষণ করেছিল। মূলকাণ্ড আসলে ঠিক কী? এটি একটি জীবন সংক্ষিপ্তকরণের বিষয়টির প্রতিনিধিত্ব করে, একটি জীবনের আকস্মিক সমাপ্তি যার এক সময় সমৃদ্ধ পূর্ণ অস্তিত্ব ছিল। এটি একটি পতনের বিষয়টিকে প্রতিকায়িত করে, এটি কোনও কিছুর (ক্রমশঃ, ও পাতায়)

তাঁর আহ্বানের প্রতিধ্বনি

ইউ টিভি খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message & Prayer in 5 minutes!!

ইংরেজি, হিন্দি,

তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলুগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা -
সকাল ৮.৩০



আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



from your dearly beloved brother...



আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

“সদাপ্রভু আমাদের ঈশ্বরের গৌরব করো, তাঁর পাদপীঠে আরাধনা করো; তিনি পবিত্র” (গীত ৯৯:৫)।

প্রভুতে প্রিয়তমেরা,

প্রভু আমাদের এ বছরের প্রথম দুই মাসের মধ্যে দিয়ে অনুগ্রহপূর্ণভাবে পরিচালিত করেছেন। আমরা তাঁকে সমস্ত গৌরব, সম্মান এবং প্রশংসা দিই। আমাদের প্রধান মণ্ডলীর এবং কার্যালয়ের সমস্ত বিষয়ে তাঁর আশীর্বাদের প্রাচুর্যের জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ দিই।

আমরা সন্তোষপুরমে, চীপকে এবং ভেলাচেরীতে অবস্থিত আমাদের তামিল নহিমিয় বাইবেল কলেজগুলির জন্য এবং তার সঙ্গে আবাসিক হিন্দি নহিমিয় বাইবেল কলেজের জন্য আপনাদের প্রার্থনার একান্ত কামনা করছি। আজকের পৃথিবীতে, পরিচর্যা কাজের জন্য সমর্পিত ব্যক্তিদের খুঁজে পাওয়া ক্রমবর্ধমানভাবে চ্যালেঞ্জের বিষয় হয়ে উঠেছে। সেই কারণে, উৎসর্গকৃত শিক্ষার্থীদের জন্য আপনাদের প্রার্থনা অত্যন্ত প্রয়োজনীয়।

আমাদের মাসিক পত্রিকাটি ১৬টি ভাষায় প্রকাশিত হচ্ছে এবং অধিকাংশই বিনামূল্যে বিতরণ করা হচ্ছে। আমরা আপনাদের আত্মীয়স্বজন এবং বন্ধুবান্ধবদের কাছে তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটির পরিচয় করে দেওয়ার জন্য এবং এই ভাবে আরও অধিক লোকদের কাছে পৌঁছাতে আমাদের সাহায্য করার বিষয় আপনাদের উৎসাহিত করছি।

ঈশ্বরের অনুগ্রহে আমরা প্রতিদিন ইংরাজী, হিন্দি, তামিল এবং তেলুগু ভাষায় ইউটিউবে তাঁর আহ্বানের প্রতিধ্বনি অনুধ্যানগুলি সম্প্রচারিত করতে সক্ষম হয়েছি। এর সঙ্গে, আমাদের রবিবাসরীয় আরাধনা সভাগুলিও তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলে লাইভ সম্প্রচার করা হচ্ছে। আমরা আপনাদেরও দেখার জন্য এবং আশীর্বাদযুক্ত হওয়ার জন্য আমন্ত্রণ জানাচ্ছি।

অনুগ্রহ করে আপনাদের প্রার্থনায় আমাদের গ্লোবাল ভিসন ফর ইয়ুথ এ্যান্ড কিড কেয়ার মিনিষ্ট্রির বিষয়টি স্মরণ করবেন। আপনিও, বিনামূল্যে এই পরিচর্যাটির সঙ্গে যুক্ত হতে পারেন। আপনাকে কেবল আপনার এলাকার মধ্যে বিশ্বব্যাপী যুব এবং শিশুদের জন্য প্রতিদিন ঠিক রাত ১০টার সময় প্রার্থনা করতে হবে। আপনার মোবাইল ফোনে স্মরণের জন্য সময়টা নির্দিষ্ট করে রাখুন এবং প্রার্থনা করুন:

“হে প্রভু, বিশ্বব্যাপী সমস্ত যুবক যুবতী এবং সমস্ত শিশুদের স্মরণ করুন।”

আমরা নিম্নলিখিত পরিচর্যাগুলির জন্য আপনাদের প্রার্থনা কামনা করি, যে পরিচর্যাগুলি ঈশ্বরের অনুগ্রহে মসৃণভাবে চলছে:

সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল, গসপেল প্রিন্টিং প্রেস, তামিল, ইংরাজী, এবং হিন্দি ভাষায় বাইবেলকোর (ডাকযোগে বাইবেল পাঠক্রম)।

আপনাদের অবিরত প্রার্থনা এবং আর্থিক সাহায্যের জন্য আমরা গভীরভাবে কৃতজ্ঞ। ঈশ্বর তাঁর অপার করুণায়, আপনাদের প্রচুর আশীর্বাদ করুন।

My son, Pastor Alex Samson Sam, entered the Kingdom of the Lord on February 13th, 2025.

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম

পাস্টর এস. স্যাম সেলভা রাজ

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : sam@echoofhiscall.org

HON. EDITOR-IN-CHIEF

Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

HON. MANAGING EDITOR

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

GENERAL MANAGER

Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.

ADMINISTRATION

Sis. Jesy Veena Sam

Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.

Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.

Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.

Dr. Rabinder Boaz, M.S. (CMC)

EDITORIAL BOARD

Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.

Sis. Sajini Cherian

Rev. Dr. K.R. Rajasekaran

Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

EDITOR, PUBLISHER & PRINTER

Pastor S. SAM SELVA RAJ

Echo of His Call Printers

10, Mohammed Abdullah 2nd Street,

Chepauk, Chennai- 600 005, India.

Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293,

2854 7766

Cell : (+91) 98410 71852, 98412 71858

95661 31858

E.MAIL

sam@echoofhiscall.org

biblecor@yahoo.co.in

WEBSITES

www.echoofhiscall.org

www.stpaulsmatriculation.com

YOUTUBE CHANNEL

Echo of His Call

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) YouTube Ministry

Online Courses Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges

Gospel Printing Press Great Commission Partners St. Paul's Matriculation School Crusades Community Development

তাঁর আহ্বানের প্রতিশ্রুতির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের তাঁর আহ্বানের প্রতিশ্রুতি ইউ টিভি চ্যানেলের বাণীগুলি প্রতিদিন ভোর ২ টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনার মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— পাস্টর এস. স্যাম সেলভারাজ

(ক্রমশঃ, ১ম পাতার পর)

অবশিষ্ট যা এক সময় উন্নতি লাভ করেছিল—যখন সমৃদ্ধিরূপে হয়ে যায় তখন যা অবশেষ থাকে। এটি হচ্ছে চূড়ান্ত অবস্থার একটি চিত্র: প্রাণহীন, অবশিষ্ট, এবং সম্ভবত যার কোনও ভবিষ্যত নেই। যা ছিল তার শেষ হয়ে যাওয়ার বিষয়টিকে মূলকাণ্ড চিহ্নিত করে, শেষ পর্যন্ত যা পড়ে যায় এবং স্পষ্টভাবে অদৃশ্য হয়ে যায়।

এই পদটি দাউদের রাজবংশের উল্লেখ করে, যারা অবশিষ্ট বংশধরে হ্রাস পায়—একটি মূলকাণ্ড। অবশিষ্ট হচ্ছেন তারা যারা বিভিন্ন পরীক্ষাগুলি, বিভিন্ন বিরোধীতা সহ্য করেছে, এবং বিশ্বাসে অবিচল থেকেছে। তাঁর বিশ্বস্ত অবশিষ্টদের জন্য ঈশ্বরের যা করার অভিপ্রায় আছে সেই বিষয়ে একটি প্রতিশ্রুতির বিষয় যিশাইয় ১১:১ পদে উল্লেখ করা হয়েছে: যারা প্রত্যেকটি ঝড়ের সময় তাঁকে ধরে থাকেন, যীশু খ্রীষ্টের ভিত্তির উপর দৃঢ়তার সঙ্গে দাঁড়িয়ে থাকেন।

দাউদ এবং তাঁর বংশধরদের জন্য ঈশ্বরের প্রকৃত পরিকল্পনা ছিল তারা চিরকাল সিংহাসনে রাজত্ব করবেন। তথাপি ইতিহাস অন্য কথা বলে। ২ রাজা ২৪ এবং ২৫ অধ্যায় থেকে আমরা জানতে পারি যে যিহূদার শেষ রাজা সিদিকিয় (যার নামের অর্থ “ঈশ্বরের উপহার”) নবুখদনিৎসর কর্তৃক বন্দি হয়েছিলেন, দেখে মনে হয়েছিল দাউদের বংশের রাজত্ব শেষ হয়ে গেছে। প্রায় ৬০০ বছর ইস্রায়েলে কোনও রাজা ছিল না।

এই নীরবতার সময় মনে হয়েছিল ঈশ্বরের তাঁর প্রতিজ্ঞা ভুলে গেছেন। কিন্তু ঈশ্বরের অবিশ্বস্ত নন; তিনি তাঁর নিযুক্ত সময়ের জন্য অপেক্ষা করছিলেন। ইস্রায়েলের লোকেরা ইহুদিদের রাজার আসার জন্য দীর্ঘকাল অপেক্ষা করছিল। আর তখন, সময়ের সম্পূর্ণতার সময়, ঈশ্বর ঘোষণা করেছিলেন যিশয়ের মূল কাণ্ড থেকে একটি শাখা বের হবে।

অঙ্কুরিত শাখা!

কীভাবে একটি মৃত মূলকাণ্ড থেকে একটি জীবন অঙ্কুরিত হতে পারে? এটি অসম্ভব মনে হয়েছিল। কিন্তু ঈশ্বরের সঙ্গে, সব থেকে আশাহীন পরিস্থিতিগুলিও পরিবর্তিত হতে পারে। যখন ইস্রায়েলের রাজত্ব শেষ হয়ে গেছে বলে মনে হয়েছিল—যখন এর পরাক্রমী রাজত্ব প্রাণহীন অবশেষে পরিণত হয়েছিল — তখন যীশু খ্রীষ্টের জন্মের মাধ্যমে ঈশ্বরের প্রতিজ্ঞার সম্পূর্ণতার মধ্য তৈরী হয়েছিল।

ইস্রায়েলীয়দের প্রত্যাশার সম্পূর্ণ বিপরীতভাবে, যারা মনে করেছিল মশিহ একজন পরাক্রমী এবং ক্ষমতাপূর্ণ রাজা হিসাবে আসবেন এবং তাদের উপর অত্যাচারকারীদের পরাজিত করবেন, কিন্তু যীশু অত্যন্ত নম্রভাবে এসেছিলেন, তিনি একটি পশুর যাবপাত্রের মধ্যে জন্মগ্রহণ করেছিলেন। কয়েক সময় ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি মানুষের প্রত্যাশার সঙ্গে সম্পূর্ণ ভিন্নভাবে প্রকাশিত হয়। তথাপি, তাঁর পরিকল্পনাগুলি সর্বদা নিখুঁত হয়।

যিশয়ের মূলকাণ্ড থেকে, একটি অঙ্কুর নির্গত হবে—যার প্রতীক হচ্ছে নতুন জীবন, আশা, এবং পুনরুদ্ধার।

অঙ্কুরিত শাখার উপর গভীর বিবেচনা!

এখন আমরা অঙ্কুরের উপমাটির উপর গভীরভাবে ধ্যান করবো।

১। প্রতিজ্ঞাগুলির উৎস

1. SOURCE OF PROMISES!

আমাদের ঈশ্বর হচ্ছেন প্রতিজ্ঞাগুলির ঈশ্বর। তিনি বিভিন্ন নিয়মগুলি তৈরী করেন এবং কখনও তিনি তাঁর প্রতিজ্ঞা ভঙ্গ করেন না। আমাদের ভিত্তি যখন তাঁর প্রতিজ্ঞাগুলির উপর স্থাপিত হয়, তখন আমরা জয়ীর থেকে অধিক বিজয়ী হই কারণ তাঁর প্রতিজ্ঞাগুলি হচ্ছে যীশু খ্রীষ্টে “হাঁ” এবং “আমেন”। ঈশ্বর কখনও তাঁর কথা ভুলে যান না। তিনি তাঁর প্রতিজ্ঞাগুলি পূরণ করেন, এমনকি অপ্রত্যাশিত সময়েও, কারণ তিনি বিশ্বস্ত প্রতিজ্ঞা রক্ষাকারী।

তিনি দাউদের প্রতি তাঁর প্রতিজ্ঞাটি রক্ষা করেছিলেন: “তোমার বংশ ও তোমার রাজ্য আমার সামনে চিরস্থায়ী হবে; তোমার সিংহাসনও চিরস্থায়ী হবে” (২ শমুয়েল ৭:১৬)।

Statement about ownership and other particulars about the Newspaper Echo of His Call (Bengali) - Form IV (See Rule 8)

- | | |
|---------------------------------------|--|
| 1. Place of Publication | : New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2 nd Street, Chepauk, Chennai - 600 005. |
| 2. Periodicity | : Monthly |
| 3. Printer, Editor, Owner & Publisher | : S. Sam Selva Raj (Same Address) |
| 4. Nationality | : Indian |

I, S. Sam Selva Raj hereby declare that the particulars given above are true to the best of my knowledge and belief.

March 2025

S. Sam Selva Raj.

এক সময় মনে হয়েছিল যে তিনি তাঁর প্রতিজ্ঞা ভুলে গেছেন, কারণ সেখানে দাউদের বংশের কেউ সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন না। যাইহোক, গুঁড়ির থেকে একটি শাখা নির্গত হয়েছিল, যা অপ্রত্যাশিত সময়ে ঈশ্বরের বাক্য সম্পূর্ণ করেছিল।

“...যতদিন না আমি তোমার কাছে আমার করা প্রতিজ্ঞাটি পূরণ করছি, ততদিন আমি তোমাকে ত্যাগ করব না” (আদি ২৮:১৫)।



ঈশ্বর অব্রাহামের কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে তার বংশ আকাশের নক্ষত্রের ন্যায় অগণিত হবে

আদি ২২ অধ্যায়ে ঈশ্বর অব্রাহামের কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে তার বংশ আকাশের নক্ষত্রের ন্যায় অগণিত হবে। যাইহোক, অব্রাহামের বিশ্বাস পরীক্ষিত হয়েছিল যখন ঈশ্বর তাকে তাঁর প্রতিজ্ঞাত সন্তান ইসহাককে বলিরূপে উৎসর্গ করতে বলেছিলেন। ঠিক যেই মুহূর্তে অব্রাহাম তার ছুরি তুলেছিলেন, ঈশ্বর বিকল্প হিসাবে তাঁকে একটি ভেড়ার জোগান দিয়েছিলেন। এই কাহিনীটি ব্যাখ্যা করে যে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রক্ষায় বিশ্বস্ত থাকেন, এমনকি যখন পরিস্থিতি অসম্ভব বলে মনে হয় তখনও তিনি বিশ্বস্ত থাকেন।

আজই তাঁর প্রতিজ্ঞা দাবি করুন:



২। আশা পুনরুদ্ধার!

2. HOPE RESTORED!

যীশু খ্রীষ্টের বাণী হচ্ছে আশার বাণী—সকলের জন্য আশা, এমনকি আশাহীন পরিস্থিতিগুলির মধ্যেও। সারা পৃথিবীতে, অসংখ্য লোক সংগ্রাম করছেন যেহেতু তারা তাদের সম্পর্কগুলির ক্ষেত্রে, তাদের আর্থিক অবস্থার ক্ষেত্রে, ভবিষ্যৎ, চাকরী এবং সব থেকে গুরুত্বপূর্ণ ভাবে তাদের নিজেদের

বিষয়ে আশা হারিয়েছেন। সুসমাচারটি হচ্ছে যে যীশু খ্রীষ্ট জীবনহীন পরিস্থিতিগুলির মধ্যে আশা পুনরুদ্ধার করেন।

ঠিক যেভাবে একটি মৃত মূলকাণ্ড থেকে একটি অঙ্কুর নির্গত হয়, ঠিক সেইভাবে যীশু খ্রীষ্ট প্রাণহীন পরিস্থিতিগুলিকে নতুন জীবনের উৎসে রূপান্তরিত করেন। এটিই হচ্ছে যীশুর জন্মের প্রধান বার্তা: আশা। যে মূলকাণ্ডটি একসময় প্রাণহীন ছিল এবং যেখানে কোনও আশা ছিল না, সেখানে একটি অঙ্কুর নির্গত হবে—একটি নতুন জীবন!

এই মূলকাণ্ডটি একসময় ফুল, পাতায় পরিপূর্ণ সবুজ বৃক্ষ ছিল, পাখীরা এর শাখায় বাসা বাঁধতো, এবং ছায়া এবং সুরক্ষা দান করতো, এখন ভগ্ন, শূন্য, এবং প্রাণহীন। এটি মনে হচ্ছে অকেজো, কোনও উদ্দেশ্য নেই, এবং পচনের জন্য পড়ে আছে। তথাপি, এই পতিত মূলকাণ্ডটি থেকে, একটি অঙ্কুর নির্গত হচ্ছে—একটি সজীব নতুন শাখা বের হচ্ছে।

মহাদুর্ভিক্ষের সময়, মরে যাওয়ার আগে শেষ খাবার



সারিফতের বিধবা মহিলা কাঠ সংগ্রহ করছেন

প্রস্তুত করার জন্য সরিফার এক বিধবা শুকনো কাঠ জোগার করছিল। এলিয়ের অনুরোধে, সে তার শেষ ময়দা এবং তেল দিয়ে তাঁর জন্য রুটি তৈরী করেছিল। অলৌকিক ভাবে, ঘরের লোকদের জন্য তাঁর ময়দার পাত্র এবং তেলের পাত্র কখনও শূন্য হয়নি।

প্রথম রাজাবলি ১৭:৭-১৬ পদের গল্পটি ব্যাখ্যা করে কীভাবে ঈশ্বর আশা পুনরুদ্ধার করেন এবং একটি প্রাণহীন কাণ্ড থেকে একটি নতুন অঙ্কুরিত শাখার মতো পরিস্থিতিতে আশা টিকিয়ে রাখেন।

আপনার পরিস্থিতি যতই আশাহীন বলে মনে হোক না কেন, যীশুতে আস্থা রাখুন। তিনি হচ্ছেন সমস্ত প্রতিজ্ঞার উৎস এবং আশার পুনরুদ্ধারকারী।

ঈশ্বরের পুনরুদ্ধার এবং নতুন সূচনাগুলি!

ঈশ্বর আশা পুনরুদ্ধার করেন:

ঈশ্বর অন্যদের জীবনে যেমন করেছিলেন ঠিক সেইভাবে তিনি আমাদের জীবনেও একই কাজ করতে পারেন—তিনি আশাহীন পরিস্থিতিগুলিকে আনন্দের উৎসে এবং পুনরুদ্ধারের উৎসে রূপান্তরিত করতে পারেন। ঠিক যেমন বিধবাটি তার সমস্যার বিষয়টি ঈশ্বরের কাছে এনেছিলেন, আমাদেরকেই ঠিক সেইভাবে আমাদের ভারগুলোকে যীশু খ্রীষ্টের কাছে সমর্পণ করতে হবে। আমরা যখন তাঁকে সবকিছু দিই, তখন তিনি আমাদের দুঃখকে আনন্দে পরিণত করেন এবং আমাদের আশাকে পুনরুদ্ধার করেন। এমনকি যে আশা হারিয়ে গিয়েছে বলে আমরা মনে করি, যীশু খ্রীষ্টের নামে তা নবায়িত হতে পারে।



৩। ক্ষতিকে জয়কারী!

3. OVERCOMER OF LOSS!

ঈশ্বর আমাদের পরিস্থিতিগুলির দ্বারা বিপন্ন না হওয়ার জন্য আহ্বান করেছেন কিন্তু আমরা যেন বিজয়ী হই সেই কারণে তিনি আমাদের আহ্বান করেছেন। এ বছরটা আপনার জন্য কেমন যাচ্ছে অথবা আপনি কি এখনও অতীতের বোঝা বহন করছেন সেই বিষয় চিন্তা না করে, এটি মনে রাখুন: যা কিছু ভগ্ন হয়েছে অথবা হারিয়েছে যীশু খ্রীষ্ট তা পুনরুদ্ধার করেন। তিনি আমাদের সঙ্গে পিতার মিলন করিয়ে দেন কারণ তিনি পুনরুদ্ধার এবং সম্মিলিত করার ঈশ্বর।

আপনি যা হারিয়েছেন সেটা কোনও বিষয় নয়—আপনার অবাধ্যতা, পাপ অথবা ঈশ্বরের কাছ থেকে দূরত্বের মাধ্যমে—তিনি সেই সমস্ত বিষয় পুনরুদ্ধার করতে পারেন। তিনি যদি তাঁর বলিদানের মাধ্যমে পিতার সঙ্গে আমাদের সম্পর্ক পুনরুদ্ধার করতে পারেন, তাহলে আর কত অধিকভাবে তিনি আমাদের জীবনের অন্যান্য বিষয়গুলি পুনরুদ্ধার করতে পারবেন? যীশু খ্রীষ্ট মৃত্যুবরণ করার জন্য এসেছিলেন যাতে আমরা ঈশ্বরের সঙ্গে পুনরায় মিলিত হতে পারি। আপনি যা কিছু হারিয়েছেন, তাঁর প্রতিজ্ঞা দাবি করুন এবং পুনরুদ্ধারের জন্য তাঁর উপর নির্ভর করুন।

ঈশ্বর যদি মৃতকে জীবন দিতে পারেন, তিনি যদি প্রাণহীন কাণ্ডে জীবন সঞ্চারিত করতে পারেন, তাহলে তিনি আপনার এবং আমার জন্য আরও কত অধিক

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)



মহান আদেশ অংশীদারগণ ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে মার্চ থেকে ১৮ই এপ্রিল, ২০২৫)
(অনগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

প্রশংসার বিষয়সমূহ

- মার্চ ১৯ : আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।
- দিন ২০: সুদূর গ্রাম্য এলাকাগুলিতে ঈশ্বরের কাজে নিযুক্ত মিশনারীদের এবং তাদের পরিবারগুলির জন্য।
- দিন ২১: বিশ্বব্যাপী বাইবেল এবং খ্রীষ্টিয় সাহিত্য মুদ্রনের কাজে নিযুক্ত ব্যক্তিদের প্রয়োজনগুলি যেন পূরণ হয়।
- দিন ২২: আমাদের অংশীদার জোগানোর জন্য যারা তাদের আর্থিক প্রয়োজনগুলির মধ্যেও আমাদের আর্থিকভাবে সাহায্য করবেন।
- দিন ২৩: আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহযোগি সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য।
- দিন ২৪: আমাদের সিনিয়র পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করার জন্য।
- দিন ২৫: মিশনারীদের আর্থিক এবং প্রার্থনার সাহায্য দিতে আমাদের সক্ষম করার জন্য।
- দিন ২৬: আমাদের সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজগুলি এবং ক্রেসপণ্ডেস কোর্সগুলির কার্যকলাপগুলির জন্য।
- দিন ২৭: নির্ভুল খ্রীষ্টিয় মতবাদের উপর ভিত্তি করে মিশনারীদের দ্বারা পরিচালিত বিদ্যালয়গুলির দ্বারা এই পৃথিবী যেন আশীর্বাদযুক্ত হয়।
- দিন ২৮: ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিচর্যার উপর প্রতিশ্রুতিবদ্ধতায় ঈশ্বরের আশীর্বাদের প্রাচুর্যের জন্য।
- দিন ২৯: তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউবের নতুন সাবস্ক্রাইবার দ্বারা আমাদের আশীর্বাদ করার জন্য।
- দিন ৩০: আমাদের গ্লোবাল ভিসন ফর কিড কেয়ার মিশনকে আশীর্বাদ করার জন্য।
- দিন ৩১: আমাদের রাজ্য সমন্বয়কারীদের এবং তাদের পরিবারগুলিকে আশীর্বাদ করার জন্য।
- এপ্রিল ০১: সমস্ত দেশগুলিতে স্বর্গীয় সুরক্ষার জন্য বিশেষ করে যে দেশগুলি বিভিন্ন গোলোযোগ এবং যুদ্ধের মধ্যে আছে এবং শান্তি ও স্থায়িত্ব যাত্রা করছে।
- দিন ০২: রাজনৈতিক এবং ধর্মীয় বিরোধীতার মধ্যে আমাদের খ্রীষ্টিয় পরিচর্যাগুলি এগিয়ে নিয়ে যেতে আমাদের সাহায্য করার জন্য।

দিন ০৩: বিভিন্ন পরিচর্যার মাধ্যমে সুসমাচার সম্প্রচারের প্রতি আমাদের বরিষ্ঠ পালকের আত্মনিবেদনের জন্য।

প্রার্থনার অনুরোধসমূহ

- দিন ০৪: আমাদের সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের দশম শ্রেণীর যে শিক্ষার্থীরা সরকারী পরীক্ষায় বসবে তাদের জন্য।
- দিন ০৫: ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আবাসিক এবং সাক্ষ্য নহিমিয় বাইবেল কলেজগুলিতে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য।
- দিন ৬: আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজ যেন তাঁর বহুমুখী পরিচর্যাগুলিতে নতুন দর্শনসহ আশীর্বাদযুক্ত হন।
- দিন ৭: তামাকজাত দ্রব্যে আসক্তি থেকে শিশু এবং যুবকেরা যেন সুরক্ষা লাভ করে।
- দিন ৮: বিশ্বব্যাপী শিশু এবং যুবকেরা যেন ক্রমবর্ধমান নেশার হাত থেকে রক্ষা পায়।
- দিন ৯: ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আমাদের সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য।
- দিন ১০: সারা পৃথিবীতে শিশু পাচার চক্র যেন সমূলে উৎপাট হয়।
- দিন ১১: বিশ্বব্যাপী মণ্ডলীগুলিতে উদ্দিপনার জন্য।
- দিন ১২: সমগ্র দেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী, এবং সংসদের সমস্ত সদস্যদের জন্য।
- দিন ১৩: সারা পৃথিবীর শিশু এবং যুবকেরা যেন যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করে।
- দিন ১৪: বিশ্বব্যাপী সমস্ত লোকদের প্রয়োজনগুলির জন্য।
- দিন ১৫: সমস্ত দেশগুলি যেন একতা, উন্নতি এবং শান্তির অভিজ্ঞতা লাভ করতে পারে।
- দিন ১৬: আমাদের সমস্ত সমর্থনকারী, শুভচিন্তক, এবং বন্ধু, যারা প্রার্থনা এবং আর্থিক সাহায্যের মাধ্যমে আমাদের পরিচর্যাগুলিকে তুলে ধরেছেন তাদের আশীর্বাদ এবং বলবান করার জন্য।
- দিন ১৭: আমাদের প্রধান এবং শাখামণ্ডলীগুলিতে পুণ্যশুক্রবার এবং ইস্টার উপসনাসভাগুলির জন্য।
- দিন ১৮: বিশ্ব আর্থিক মন্দার যেন অবসান হয় এবং প্রভাবিত লোকেরা যেন এর থেকে স্বস্তি লাভ করতে পারে।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)



ঈশ্বর ইয়োবকে সমস্ত কিছু ফিরিয়ে দিয়েছিলেন

করতে পারেন? ইয়োব ৪২ অধ্যায়ে ইয়োবের কাহিনীটি বিবেচনা করুন: তিনি সমস্ত কিছু হারিয়েছিলেন— তাঁর সন্তানদের, সম্পদ, এবং স্বাস্থ্য। তাঁর এই নিদারুণ কষ্ট সত্ত্বেও, ইয়োব বিশ্বস্ত ছিলেন। শেষে, তাঁর সমস্ত কিছু পুনরুদ্ধার করেছিলেন তিনি তাঁকে আগের থেকে দ্বিগুণ পরিমাণে দিয়েছিলেন। এটি ব্যাখ্যা করে যে ঈশ্বর হচ্ছেন পুনরুদ্ধারকারী যিনি এমনকি অকল্পনীয় ক্ষতি সত্ত্বেও প্রচুর পরিমাণে আশীর্বাদ করেন।



দাউদ সমস্ত কিছু পুনরুদ্ধার করেছিলেন

একইভাবে, ১ শমুয়েল ৩০ অধ্যায়ে অমালেকীয়দের কাছে দাউদ সমস্ত কিছু হারিয়েছিলেন।

তিনি বেপরোয়া না হয়ে, তিনি প্রভুর কাছে শক্তি চেয়েছিলেন এবং সমস্ত কিছু পুনরুদ্ধার করেছিলেন। আপনি যা কিছু হারিয়েছেন প্রভু সমস্ত কিছু পুনরুদ্ধার করবেন।

৪। নতুন সূচনা উন্মুক্তকারী!

4. OPENER OF NEW BEGINNINGS!



বাইবেলে আমাদের আশ্বাস দেওয়া হয়েছে যে আমাদের প্রত্যেকের জন্য ঈশ্বরের একটি পরিকল্পনা আছে—আমাদের আশা এবং ভবিষ্যত দানের পরিকল্পনা। তাঁর হাতের তালুতে আমাদের পরিকল্পনা ক্ষেদিত আছে। যাইহোক, কয়েক সময় জীবন অপ্রত্যাশিতভাবে ঘুরে যেতে পারে, এবং আমরা যাত্রাপথে হারিয়ে যাওয়ার অনুভূতি লাভ করি। যীশু খ্রীষ্টের সৌন্দর্য হচ্ছে যে তিনি দ্বিতীয় সুযোগ দানের ঈশ্বর। এমনকি যখন আমরা ভুল করি, তখন তিনি আমাদের সেই ভুল থেকে সুন্দর কিছু সৃষ্টি করতে পারেন। যেমন রোমীয় ৮:২৮ পদে বলা হয়েছে, “যারা ঈশ্বরকে ভালোবাসে.... তিনি সর্ব বিষয়ে তাদের মঙ্গলসাধনের জন্য কাজ করেন”।

তিনি নতুন দ্বার এবং নতুন সূচনা উন্মুক্তকারী। আমি প্রার্থনা করি, আপনি যখন এটি পাঠ করছেন, তখন আপনার জীবনে যেন নতুন সুযোগগুলি এবং নতুন সূচনা আসে। যীশু খ্রীষ্ট আমাদের জীবন এবং উদ্দেশ্যের উপচয়

দিতে এসেছিলেন। প্রার্থনায় আপনার জীবন তাঁর কাছে সমর্পণ করুন এবং তিনি সমস্ত কিছু নতুন করবেন।

যেখানে কিছুই ছিল না সেখানে ঈশ্বর জীবন সৃষ্টি করেন, তিনি সমস্ত হতাশাকে নতুন সূচনায় রূপান্তরিত করেন। একটি শাখা — একটি নতুন সূচনার প্রতীক — যে মূলকাণ্ডটি একসময় মৃত বলে মনে হয়েছিল তার থেকে উদগত হবে। প্রাণহীন স্থানে জীবন আনার ক্ষমতা তাঁর আছে। যিহিঙ্কেল ৩৭ অধ্যায়টি আমাদের শুষ্ক হাড়গুলির কথা বলার বিষয়টি মনে করিয়ে দেয়; তারা আবার জীবনে ফিরে আসবে। প্রত্যেকটি মৃত পরিস্থিতির মধ্যে জীবন কথা বলবে, কারণ এটি হচ্ছে যীশু খ্রীষ্টের জন্মের প্রতীক।

যিহিঙ্কেল শুষ্ক হাড়ে পরিপূর্ণ একটি উপত্যকার দর্শন দেখেছিলেন। ঈশ্বর যখন তাঁকে ভাববাণী করার আদেশ দিয়েছিলেন, হাড়গুলি একসাথে জোড়া লেগেছিল, মাংস দ্বারা আবৃত হয়েছিল, এবং শ্বাস লাভ করেছিল, এবং তারা এক বিশাল সেনাবাহিনীতে পরিণত হয়েছিল।



যিহিঙ্কেল শুষ্ক হাড়ে পরিপূর্ণ একটি উপত্যকার দর্শন দেখেছিলেন

(ক্রমশঃ, ৯ পাতায়)



নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা:

১০ম শ্রেণী এবং তদুর্ধ্ব

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই
ভর্তির জন্য সত্ত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়), হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),
ঈশতত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নেতৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা ৫৫ বছর যাবৎ স্বীকৃত
নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

The Chairman: Nehemiah Bible College, Echo of his Call.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service** : 5.30 a.m. Sunday
14. **Preliminary Service** : 8.00 a.m. Sunday
15. **Tamil Service** : 8.30 a.m. Sunday
16. **Youth Meeting** : 11.00 a.m. Sunday
17. **Fellowship Lunch** : 1.00 p.m. Sunday
18. **Hindi Service** : 4.00 p.m. Sunday
19. **Telugu Service** : 5.00 p.m. Sunday
20. **English & Hindi Service** : 6.00 p.m. Sunday
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9.30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি
ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। “আপনার জন্য নতুন জীবন” নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আর্থনিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

২। ডাক মারফত ঈশ্বরাত্মিক পাঠক্রম

খিওলজিকাল কনসেপশনস কোর্স নামে অভিহিত অ্যাডভান্সড ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিষ্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে
যোগাযোগ করুন।

The Chairman, Nehemiah Bible College,

Echo of His Call, Post Box 2957

CHEPAUK, CHENNAI - 600 005.

Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,

Cell : 98410 71852, 95661 31858

E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস
অ্যাপের মাধ্যমে আপনার/আপনার
বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন,
তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের
আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে
দিতে পারবো।

TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

Account Name : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST

Account Number : 1023 2923 805

Bank Name : STATE BANK OF INDIA

Branch : TRIPPLICANE, CHENNAI - 600 005

IFSC Code : SBIN 0000249

SWIFT Code : SBI NIN BB 455



পাতাল থেকে রাজপ্রাসাদ PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

“... যে জন পাঠ করে সে বুকুক (মথি ২৪:১৫)”

“... ধন্য সে যে সদাপ্রভুতে নির্ভর করে” (হিতোপদেশ ১৬:২০)।

আমার পরিচর্যার প্রথম দিকে বছরগুলিতে, বিদেশে পরিচর্যাকারীরা কীভাবে জীবনযাপন করেন, কীভাবে তারা তাদের আর্থিক জীবনের তত্ত্বাবধান করেন, এবং কীভাবে এ দেশগুলিতে তারা পরিচর্যাগুলি পরিচালনা করেন, সেই সমস্ত বিষয়ে আমার মধ্যে গভীর কৌতূহল তৈরী হয়েছিল। সেই সময়, আমার আর্থিক উৎসগুলির, জনগণের সমর্থনের অভাব ছিল এবং আমার মধ্যে যথেষ্ট আর্থিক দানগুলিরও অভাব ছিল।

আমি দেখে অবাক হয়েছিলাম যে ১৯৮৯ সালের আমার ডায়রীতে আমি লিখতে সাহসী হয়েছিলাম যে ঐ বছর আগস্ট মাসে আমি মালয়েশিয়া পরিদর্শন করবো। আমি শীঘ্রই এই বিষয়টা ভুলে গিয়েছিলাম এবং প্রায় তিনমাস আমি এটা আর দেখিনি। একদিন, আমি আমার হঠাৎ আমি ডায়রীটা দেখেছিলাম এবং আমার পরিকল্পনাটির কথা আমার মনে পড়েছিল। আমাক প্রস্তাবিত তারিখটি অতিক্রম এগিয়ে আসার বিষয়টি উপলব্ধি করে, আমি প্রার্থনায় বিষয়টি প্রভুর কাছে এনেছিলাম, তাঁর বাক্যে আস্থা রেখেছিলাম: “কোনো বিষয়েই উৎকর্ষিত হয়ো না, কিন্তু সব বিষয়ে প্রার্থনা ও মিনতি দ্বারা ধন্যবাদের সঙ্গে ঈশ্বরের কাছে তোমাদের সব অনুরোধ জানাও” (ফিলিপীয় ৪:৬)।

দিন থেকে সপ্তাহ চলে আসলো, কোনো কিছুই ঘটলো না। আমি অন্তরে জানতাম যে বিদেশে যাওয়ার মতো কোনও উপায়ই আমার ছিল না, কিন্তু ঈশ্বরের উপর আমার বিশ্বাস অবিচল ছিল। ঐ সময়ের মধ্যে, আমি একজন ভাইয়ের কাছে গিয়েছিলাম যিনি মাঝে মাঝেই পরিচর্যার কাজে মালয়েশিয়ায় যেতেন। আমি তাঁর কাছে আমার ইচ্ছার কথা জানিয়েছিলাম, তিনি আমাকে চেমাইয়ে এ বিষয়ে আরও পরামর্শের জন্য তাঁর বাড়ীতে যেতে উৎসাহিত করেছিলেন।

পরদিন সকালে, আমি তাঁর ঘরে গিয়েছিলাম। দুর্ভাগ্যবশতঃ তিনি সেদিন আগে থেকেই ব্যস্ত ছিলেন এবং আমাকে পরদিন আসতে বলেছিলেন। প্রায় এক মাস এটা চলেছিল। প্রত্যেকবার পরিদর্শনের জন্য আমার টাকা এবং সময় খরচ হয়েছিল, কেবল আমার কথা চিন্তা করে তিনি আমাকে সাহায্য করতে অনিচ্ছুক হয়েছিলেন। অবশেষে, তিনি আমাকে মুখের ওপর বলেছিলেন, “আপনি মালয়েশিয়াতে যেতে পারবেন না। কেবল আমার মতো প্রতিভাবান এবং সক্ষম লোকই সেখানে পরিচর্যা করতে পারে। মালয়েশিয়াতে কেউ আপনাকে গ্রহণ করবে না। আমার কাছে আর এসো না।”

তার নিরুৎসাহ সত্ত্বেও, আমি হতাশ হইনি। আমি অবিরত প্রার্থনা করেছিলাম, ঈশ্বরের ইচ্ছা প্রকাশের জন্য ধৈর্যসহকারে অপেক্ষা করছিলাম।

দুই সপ্তাহ পরে, আমি অফিসে বসে চিঠিগুলি বাছবাছ করতে গিয়ে, মালয়েশিয়া থেকে আসা একটা চিঠির উপর আমার চোখ পড়েছিল। এটি পাস্টর দেবারাজুলুর কাছ থেকে এসেছিল, যিনি সেখানে পরিচর্যা কাজ করছিলেন। চিঠিতে এই কথাগুলি লেখা ছিল:

আমার প্রিয় ভ্রাতা, ব্রাদার. স্যাম সেলভা রাজ,
আমি বই প্রিয়, আমি আজ একটা দোকানে গিয়েছিলাম যেখানে পুরাতন বই বিক্রি হয়, এবং সেখানে, আমি আপনার তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার একটি ছেঁড়া কপি পেয়েছি। আমি যখন এটা পড়ছিলাম, প্রভু আমাবসঙ্গে কথা বলেছিলেন। অনুগ্রহ করে আপনার আগের অন্য কপিগুলো পাঠিয়ে দিন; আমি পোস্ট করার খরচ বহন করবো। আমি আপনার সঙ্গে সাক্ষাৎ করতে চাই। আমি আপনার যাতায়াত, থাকা খাওয়ার সমস্ত খরচ বহন করতে ইচ্ছুক আছি। অনুগ্রহ করে মালয়েশিয়াতে আসুন। এছাড়াও, আমি আপনার জন্য সিঙ্গাপুর এবং ইন্দোনেশিয়াতে পরিচর্যা করারও ব্যবস্থা করবো। আমাদের আপনার মতো ঈশ্বরের পরিচর্যাকারী প্রয়োজন। অনুগ্রহ করে শীঘ্রই উত্তর দিন।

ভালোবাসাসহ,
পাস্টর দেবারাজুলু।

ঈশ্বরের বিশ্বস্ততায় আমি মুগ্ধ হয়েছিলাম। যেহেতু আমি আমার ডায়রীতে লিখেছিলাম, সেহেতু আমি পাস্টর দেবারাজুলুর আমন্ত্রণে ১৯৮৯ সালের আগস্ট মাসে মালয়েশিয়াতে পরিচর্যা করার জন্য যেতে সক্ষম হয়েছিলাম। এছাড়াও আমি সিঙ্গাপুর এবং ইন্দোনেশিয়াতে গিয়েছিলাম, যেখানে আমি শত শত লোকদের কাছে প্রচার করেছিলাম এবং প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে পাপ, অভিশাপ এবং দারিদ্র্য থেকে উদ্ধারের বিষয় সহভাগিতা করেছিলাম। ঈশ্বর কেবল আমাকে ঐ স্থানগুলিতে পরিচর্যা করার সুযোগ দ্বারাই আশীর্বাদ করেননি কিন্তু তিনি আমাকে ঐ দেশগুলিতে বিভিন্ন ঈশ্বরের পরিচর্যাকারীদের সঙ্গে স্থায়ী বন্ধুত্ব করার সুযোগ করে দিয়েছিলেন— যে বন্ধুত্ব আজও টিকে আছে।

সেই সময় থেকে প্রভু আমার পরিচর্যাকে বিস্তার করেছিলেন, তিনি আমাকে দক্ষিণ আফ্রিকা, আমেরিকা, ইংল্যান্ড, স্কটল্যান্ড, ফ্রান্স, জার্মানী, সুইজারল্যান্ড, কানাডা, অস্ট্রেলিয়া, এবং শ্রীলঙ্কা, ইত্যাদি দেশগুলিতে তাঁর বাক্য প্রচার করতে আমাকে সক্ষম করেছিলেন। যীশু খ্রীষ্টের মাধ্যমে পরিব্রাণের বাণী হাজার হাজার লোক গুনেছিল।

বর্তমান দিনগুলিতে আমি বিভিন্ন দেশ থেকে পরিচর্যা করার জন্য আমন্ত্রণ লাভ করি, কিন্তু সময়ের অভাবে আমি সমস্ত আমন্ত্রণগুলি গ্রহণ করতে পারি না। আমার জীবনে ঈশ্বরের এতো আশীর্বাদ।

“তিনি শৈলকে জলাশয়ে পরিণত করলেন, কঠিন শৈলকে জলের উৎসে” (গীতা ১১৪:৮)

(ক্রমশঃ, ৬ পৃষ্ঠার পর)

পুনরুত্থানের এবং নবায়িত হওয়ার এই শক্তিশালী ছবিটি আমাদের আশ্বাস দেয় যে ঈশ্বর আমাদেরকে এমনকি সব থেকে বক্ষ্যা এবং নিষ্প্রাণ পরিস্থিতিগুলির মধ্যেও নতুন সূচনা সৃষ্টি করতে পারেন।

মূলকাণ্ড থেকে একটি শাখা! তিনি সেই সমস্ত বিষয়গুলিকে অস্তিত্বের মধ্যে আহ্বান করেন যার তখনও কোনও অস্তিত্ব থাকে না। রোমীয় ৪:১৭ পদে ঘোষণা করা হয়েছে: “... যিনি মৃতদের জীবন দান করেন ও যা নেই, তা আছে বলেন।”

আমরা যা যাচ্ছা করতে পারি অথবা কল্পনা করতে পারি তার থেকে অনেক বেশি কাজ ঈশ্বর আমাদের জন্য করতে পারেন (ইফিযীয় ৩:২০)।

নিরাশ হবেন না? আপনার জন্য এক নতুন সূচনা অপেক্ষা করছে। আপনি যদি বিশ্বাস করেন, আপনি ঈশ্বরের মহিমা দেখতে পাবেন। তাঁর উপর আস্থা রাখুন, কারণ ঈশ্বর সীমাবদ্ধ নন। এমনকি আমরা যখন বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হই যা আমাদের কাছে অনতিক্রম্য বলে মনে হয়, তিনি অসম্ভবকে সম্ভব করতে সক্ষম।

৫। প্রকৃত দ্রাক্ষালতা!

5. THE TRUE VINE!

যীশু খ্রীষ্ট, প্রকৃত দ্রাক্ষালতা, তিনি আমাদের প্রাচুর্যপূর্ণ জীবনযাপন করতে সক্ষম করেন এবং

ঈশ্বরের গৌরবের জন্য ফল বহন করতে সক্ষম করেন। ফলপ্রসূতার জন্য আমাদের অবশ্যই তাঁর উপর আস্থা রাখতে হবে। যীশু খ্রীষ্ট এই পৃথিবীতে এসেছিলেন যাতে আমরা ঈশ্বরের সন্তান হতে পারি এবং তাঁর রাজ্যের জন্য ফল বহন করতে পারি। তাঁকে ছাড়া আমরা কিছুই করতে পারি না (যোহন ১৫:৫)।



যারা তাঁর মধ্যে থাকে তারা প্রচুর ফল বহন করে, পিতাকে মহিমাঘিত করে

শাখা ফলপ্রসূত, বৃদ্ধি এবং প্রাচুর্যতার প্রতীক। যীশু খ্রীষ্টের অনুগামী হিসাবে, আমরা ফলবহন করার জন্য আহূত হয়েছি যাতে স্বর্গের পিতা গৌরবান্বিত হন। যীশু খ্রীষ্ট তাঁর শিষ্যদের শিক্ষা দিয়েছিলেন যে তিনি প্রকৃত দ্রাক্ষালতা, এবং তারা শাখা। তিনি তাদের তাঁর সঙ্গে যুক্ত থাকতে উৎসাহিত করেছিলেন, কারণ তাঁর সঙ্গে পৃথক

থাকলে তারা কিছুই করতে পারবে না। যারা তাঁর সঙ্গে যুক্ত থাকে তারা প্রচুর ফল বহন করে, পিতার গৌরব করে (যোহন ১৫)।

প্রকৃত দ্রাক্ষালতা, যীশু খ্রীষ্টের উপর নির্ভরতার মাধ্যমে বৃদ্ধি এবং ফলপ্রসূতার ধারণাটি এই সত্য সরাসরিভাবে প্রতিফলিত করে।

এটাই আমার প্রার্থনা যে আপনি যখন যিশাইয় ১১:১ পদের উপর ধ্যান করবেন, তখন ঈশ্বর যেন আপনার জীবনে, আপনার পরিবারে, আপনার পরিচর্যায় এবং আপনার কর্মক্ষেত্রে একটি নতুন শাখা আনেন। এই ক্ষুদ্র কিন্তু অর্থপূর্ণ শাখাটি আপনার জীবনে রূপান্তর এবং নবায়ন আনবে।

এ বছর আপনার জীবনে যেন একটি নতুন সূচনার মূল প্রকাশিত হয় তার জন্য আমি প্রার্থনা করি। আপনি সমস্ত আশার উৎসে আস্থা রাখতে পারেন, যিনি সমস্ত পুনরুদ্ধার করতে পারেন এবং ছাঁই থেকে তিনি সৌন্দর্য আনেন, তিনিই হচ্ছেন একমাত্র ব্যক্তি যিনি নতুন সূচনাগুলির দ্বার উন্মুক্ত করেন!

আমি প্রার্থনা করি এ বছর যেন আপনার জীবনের প্রত্যেকটি দিকে নবায়ন এবং ফলপ্রসূতার বছর হয়। আপনি যখন তাঁর সঙ্গে যুক্ত আছেন, তখন আপনি অবশ্যই বহুগুণ বৃদ্ধি এবং প্রাচুর্যতার অভিজ্ঞতা লাভ করবেন। তাঁর উপর আস্থা রাখুন, এবং আপনি অনেক ফল বহন করবেন, পিতাকে মহিমাঘিত করবেন।

জরুরী প্রয়োজন

তাঁর আহ্বানের প্রতিধ্বনি বিপুলভাবে সম্প্রসারিত হচ্ছে। আমাদের নিম্নলিখিত পদগুলির জন্য মিশনমনস্ক, সমর্পিত, এবং বিশ্বস্ত পুরুষ এবং মহিলা কর্মী চাই:

- ◆ আমাদের প্রধান মণ্ডলীর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- ◆ আমাদের চেম্বাইয়ের শাখা মণ্ডলীগুলোর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- ◆ পূর্ণ সময়ের জন্য নিরাপত্তা কর্মী
- ◆ ডিটিপি অপারেটর এবং টাইপিস্ট
- ◆ ইংরাজী এবং অন্যান্য ভাষায় কথা বলা এবং লেখায় পারদর্শী কর্মী
- ◆ প্রশাসনিক কাজে আগ্রহী অফিস ম্যানেজার এবং কো-অর্ডিনেটর
- ◆ পূর্ণ সময়ের বাইবেল কলেজ লেকচারার
- ◆ আমাদের পরিচর্যাগুলিকে শহর এবং গ্রামগুলিতে এগিয়ে নিয়ে যেতে পারে এমন স্বেচ্ছাসেবীগণ
- ◆ পূর্ণ সময়ের জন্য ড্রাইভার
- ◆ ম্যাট্রিকুলেশন স্কুলের জন্য প্রিন্সিপাল এবং শিক্ষক/শিক্ষিকা
- ◆ পূর্ণ সময়ের রাধুনী (মহিলা)
- ◆ গৃহস্থালী কর্মীগণ

শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে বেতন নির্ধারণ করা হবে।

ওয়াটসআপ নম্বরে আবেদন করুন:

98412 71858

ইমেল:

sam@echoofhiscall.org

Echo of His Call



YouTube
Please subscribe



Kindly view and subscribe our Echo of His Call YouTube Channel when you get time. Thanks.

- Editor

OUR BANK DETAILS:

1. Bank : State Bank of India

Branch : Triplicane, Chennai-5
Name : S. Sam Selva Raj
A/C No. : 1023 2934 679
IFSC : SBIN 00 00 249
SWIFT CODE : SBI NIN BB 455

2. Bank : ICICI Bank

Branch : Anna Salai, Chennai-6
Name : Echo of His Call
A/C No. : 6038 0502 2319
IFSC : ICIC 000 6038

3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only)

Branch : Triplicane, Chennai-5
Name : Echo of His Call Educational Trust
A/C No. : 1023 2923 805
IFSC : SBIN 00 00 249

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ

E.mail : sam@echoofhiscall.org

আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ট্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা

আজীবন গ্রাহক মূল্য : ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহায় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তার আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে (98410 71858), জিপে (98410 71858), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA

PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in

Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98

Postal Regn. No. TN/CH/(C)/205/24-26

WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26

Date of Publication: Second week of every month

Date of Posting : 13th & 14th of every month

Posted at "Egmore RMS / 1 Patrika Channel"

on 14th MARCH 2025

If un-delivered please return to:

ECHO OF HIS CALL (BENGALI)

P.O. Box No. 2957,

Chepauk, Chennai - 600 005, INDIA.

Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

JESUS LOVES YOU!

To

GOD BLESS YOU!